

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৩৩৮

১/ বিবিধ

আরবী

هل تدرون ما يقول ربكم عز وجل؟ قالوا: الله ورسوله أعلم، قالها ثلاثا: قال: قال عز وجل: وعزتي لا يصلّيها عبد لوقتها إلا أدخلته الجنة، ومن صلى لغير وقتها إن شئت رحمته، وإن شئت عذبه منكر

أخرجه البيهقي في "الأسماء والصفات" (ص 134) من طريق يزيد بن قتيبة الجرشي: حدثنا الفضل بن الأغر الكلابي عن أبيه عن عبد الله بن مسعود رضي الله عنه

قال: "إن النبي صلى الله عليه وسلم خرج على أصحابه يوما فقال لهم: "فذكره قلت: وهذا إسناد ضعيف مظلم، الفضل بن الأغر وأبو هـ لم أجد من ترجمهما ويزيد بن قتيبة الجرشي، أورده ابن أبي حاتم (4/2/284) وقال: "روى عن الفضل الأغر الكلابي، روى عنه مسلم بن إبراهيم" ولم يزد. ووقع عنده (الجرشي) بالحاء المهملة. والله أعلم

বাংলা

১৩৩৮। তোমরা কি জানো তোমাদের প্রতিপালক কী বলছেন? তারা বললঃ আল্লাহ্ এবং তার রসূলই বেশী জানেন। তিনি এ প্রশ্নটি তিনবার বলার পর বললেনঃ তিনি বললেনঃ আমার ইয্যাতের কসম! কোন বান্দা সালাতের যথা সময়ে সালাত আদায় করলেই আমি তাকে জান্নাতে প্রবেশ করাবো। আর যে ব্যক্তি যথা সময়ে সালাত আদায় না করে অন্য সময়ে সালাত আদায় করবে আমি চাইলে তাকে দয়া করব আর চাইলে তাকে শাস্তি

দেব।

হাদীসটি মুনকার।

‘হাদীসটি বাইহাকী “আল-আসমাউ অসসিফাত” গ্রন্থে (পৃঃ ১৩৪) ইয়াযীদ ইবনু কুতায়বাহ জারাসী সূত্রে ফাযল ইবনুল আগার কিলাবী হতে, তিনি তার পিতা হতে, তিনি আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন তার সাথীদের নিকট বের হয়ে তাদের উদ্দেশ্যে বললেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল অন্ধকারাচ্ছন্ন। ফাযল ইবনুল আগার এবং তার পিতার জীবনী কে আলোচনা করেছেন পাচ্ছি না। আর ইয়াযীদ ইবনু কুতায়বাহ জারাসীকে ইবনু আবী হাতিম (৪/২/২৮৪) উল্লেখ করে বলেছেনঃ তিনি ফাযল ইবনুল আগার কিলাবী হতে হাদীস বর্ণনা করেছেন আর তার থেকে মুসলিম ইবনু ইবরাহীম বর্ণনা করেছেন। এর চেয়ে তিনি আর বেশী কিছু বলেননি।

তার নিকট জারাসীর স্থলে হারাসী উল্লেখ করা হয়েছে। (হাদীসটি ত্ববারানী “আল-মুজামুল কাবীর” গ্রন্থে (১০৪০৩-৯/৮২) বর্ণনা করেছেন। তিনিও হারাসী উল্লেখ করেছেন)।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72217>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন